TDC (CBCS) Odd Semester Exam., 2021
held in March, 2022

# BENGALI

## ( 3rd Semester )

Course No. : BNGDSC/GE–301T

( বাংলা ভাষাতত্ত্ব )

পূর্ণমান : ৭০
উত্তীর্ণ মান : ২৮

সময় : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

যে কোনো **কুড়িটি** প্রশ্নের অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×২০=২০

১। প্রাচীন ভারতীয় আর্যভাষার কালগত সীমা উল্লেখ করো।

২। মধ্যভারতীয় আর্যভাষার দ্বিতীয় স্তরের যে কোনো একটি আঞ্চলিক রূপের নাম লেখো।

৩। নব্য ভারতীয় আর্যভাষার অন্তর্গত দুটি ভাষার নাম উল্লেখ করো।

৪। ভুসুকুপাদ কোন্ সময়ের কবি ছিলেন?

৫। মাগধী প্রাকৃত থেকে আগত যে কোনো একটি নব্য ভারতীয় আর্যভাষার নাম লেখো।

৬। 'চর্যাপদ'-এর ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য ও গুরুত্ব বিষয়ে আলোচনা করেছেন এমন একজন ভাষাতাত্ত্বিকের নাম উল্লেখ করো।

৭। ''চঞ্চল চীএ পইঠো কাল॥''—'চীএ' শব্দের অর্থ কী?

৮। আদি-মধ্যযুগের বাংলা ভাষার একটি বৈশিষ্ট্য লেখো।

৯। প্রাচীন বাংলার আনুমানিক সময়সীমা উল্লেখ করো।

১০। বাংলা ভাষার আধুনিক যুগের শুরু কোন্ শতাব্দীতে?

১১। বাংলা ভাষার প্রধান উপভাষা কয়টি?

১২। শ্রীহট্ট-কাছাড়-ত্রিপুরা অঞ্চলে ব্যবহৃত কথ্য ভাষা কোন্ উপভাষার অন্তর্গত?

১৩। বিভাষা বলতে কী বোঝ?

১৪। রাঢ়ী উপভাষা প্রচলিত একটি অঞ্চলের নাম লেখো।

১৫। 'অন্ন' শব্দের আদি অর্থ 'খাদ্য', পরিবর্তিত অর্থ 'ভাত'—এটি শব্দার্থ পরিবর্তনের কোন্ ধারা?

১৬। ধ্বনি পরিবর্তনের একটি কারণ উল্লেখ করো।

১৭। ঐতিহ্যগত ব্যাকরণে বাক্যকে সর্বপ্রথমে কয়টি অংশে ভাগ করা হয়?

১৮। আদিস্বরলোপের একটি উদাহরণ দাও।

১৯। বড়দিদি > বড়দি—কীসের উদাহরণ?

২০। বাক্যের 'উদ্দেশ্য' বলতে কী বোঝায়?

২১। ''বনে বাঘ থাকে।'' 'বাঘ' কোন্ কারক?

ক্তি কী ?

ন্ধ পদে সাধারণত কোন্ বিভক্তি হয় ?

ন্ত পদের একটি উদাহরণ দাও।

াছপাকা' কোন্ সমাসের উদাহরণ ?

## SECTION—B

না পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

মধ্যভারতীয় আর্যভাষার দুটি লক্ষণ লেখো।

অপভ্রংশ কী ?

মধ্যবাংলার স্তর কয়টি ? স্তরগুলোর নাম উল্লেখ করো।

"দ্বিপ্রহরে সূর্যের তেজ বর্দ্ধিত হইয়াছে।" এই বাক্যটি চলিত বাংলায় কীভাবে লেখা হবে ?

ঝাড়খণ্ডী উপভাষার দুটি বৈশিষ্ট্য আলোচনা করো।

শব্দার্থ পরিবর্তনের দুটি কারণ নির্দেশ করো।

বর্ণদ্বিত্ব বলতে কী বোঝ ? বর্ণদ্বিত্বের একটি উদাহরণ দাও।

অপিনিহিতির দুটি উদাহরণ দাও।

তৎপুরুষ সমাস বলতে কী বোঝ ?

ব্যাসবাক্যসহ সমাস লেখো—'হাঁটুজল'।



( *Turn Over* )

## SECTION—C

যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও :

৮×৫=৪০

৩৬। প্রাচীন ভারতীয় আর্যভাষার লক্ষণ ও বৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা করো।

৩৭। মধ্যভারতীয় আর্যভাষার তিনটি স্তর সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

৩৮। 'চর্যাপদ' অনুসরণে প্রাচীন বাংলা ভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য আলোচনা করো।

৩৯। আধুনিক বাংলা ভাষার রূপতাত্ত্বিক ও ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য আলোচনা করো।

৪০। বঙ্গালী উপভাষার বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

৪১। অর্থ পরিবর্তনের ভৌগোলিক এবং ঐতিহাসিক কারণ সম্পর্কে আলোচনা করো।

৪২। ধ্বনির আগম—ধ্বনি পরিবর্তনের এই ধারাটির সংক্ষিপ্ত পরিচয় দাও।

৪৩। বাংলা বাক্যতত্ত্ব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

৪৪। কারক বলতে কী বোঝ? যে কোনো দুই প্রকার কারকের উদাহরণসহ সংজ্ঞা সংক্ষেপে লেখো।

৪৫। অব্যয়ীভাব সমাস কাকে বলে? অব্যয়ীভাব সমাসের প্রকারভেদ সংক্ষেপে আলোচনা করো।

★ ★ ★